

জনসংযোগ বিভাগ  
ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন  
নগর ভবন, ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ- ৮ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ/ ২২ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

**প্রতিটি ওয়ার্ডেই ব্যায়ামাগারের ব্যবস্থা করা হবেঃ ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস**

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রতিটি ওয়ার্ডেই ব্যায়ামাগারের ব্যবস্থা করা হবে বলে ঘোষণা দিয়েছেন ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

আজ (সোমবার) দুপুরে জাতীয় ক্রীড়া পরিষদের অডিটোরিয়ামে ‘বঙ্গবন্ধু মিস্টার ঢাকা উন্মুক্ত বডিবিল্ডিং চ্যাম্পিয়নশীপ - ২০২১’ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস এই ঘোষণা দেন।

ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, "আমাদের প্রত্যেকটি ওয়ার্ডে আমরা সামাজিক অনুষ্ঠান কেন্দ্র নির্মাণ করছি যেখানে ব্যায়ামাগারের জন্য আলাদা ব্যবস্থা থাকবে। আমাদের প্রায় ৩০টি ওয়ার্ডে ব্যায়ামাগার আছে। আমরা সেগুলোতে আধুনিক সরঞ্জাম সংযোজন করতে যাচ্ছি। আমরা ব্যায়ামাগারগুলোর পরিবেশও ভালো করার উদ্যোগ গ্রহণ করব। আমি তরুণ সমাজকে আহ্বান করব - আপনারা আপনাদের ওয়ার্ডের সেই ব্যায়ামাগারগুলো ব্যবহার করবেন।"

এ সময় তরুণ প্রজন্মের শারীরিক ও মানসিক বিকাশে ডিএসসিসির উদ্যোগ ও ভবিষ্যৎ পরিকল্পনা উল্লেখ করে ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, "আমরা এরইমধ্যে আন্তঃওয়ার্ড ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করেছি এবং তা সফলভাবে সমাপ্ত হয়েছে। প্রথম পর্যায়ে আমরা ফুটবল ও ক্রিকেট দিয়ে সেটা আরম্ভ করেছি এবং আমরা ভবিষ্যতে আরও তিনটি খেলা এর সাথে সম্পৃক্ত করতে চাই।"

ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, "এটি আসলে সামনে থেকে না দেখলে বোঝা যায় না, এই শরীরগঠন (বডিবিল্ডিং) কতটা পরিশ্রম, কতটা অধ্যবসায়ের কাজ। একটি ছোট ফেডারেশন হওয়া স্বত্ত্বেও সামাজিকভাবে তরুণদের জন্য কতটা অবদান রাখা যায় - এখানে না আসলে আমি সেটা অনুধাবন করতে পারতাম না।"

এ সময় আয়োজনের জন্য বাংলাদেশ বডিবিল্ডিং ফেডারেশন, আয়োজক কমিটি ও বিচারকমণ্ডলীকে ধন্যবাদ জানিয়ে ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, "বড় বড় ফেডারেশন বা খেলা নিয়ে আমরা চিন্তা করি। সেগুলো অবশ্যই অনেক অনেক প্রয়োজন। কিন্তু ধরনের আয়োজনও প্রয়োজন। কারণ শরীরগঠন ব্যক্তির অধ্যবসায়ের একটি নজির এবং নমুনা।"

এর আগে ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ তাপস প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

অনুষ্ঠানে ‘বঙ্গবন্ধু মিস্টার ঢাকা উন্মুক্ত বডিবিল্ডিং চ্যাম্পিয়নশীপ - ২০২১’ এর আয়োজক কমিটির সভাপতি ও ৪১ নং ওয়ার্ডের কাউন্সিলর সারোয়ার হাসান আলো, বাংলাদেশ বডিবিল্ডিং ফেডারেশনের সাধারণ সম্পাদক নুরুল ইসলাম ও মিডিয়া কমিটির চেয়ারম্যান মো. নুরুল ইসলাম খান নাম্নি উপস্থিত ছিলেন।

এছাড়াও অনুষ্ঠানে ২৪ নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ মোকাদ্দেস হোসেন জাহিদ, ১০ নং ওয়ার্ডের কাউন্সিলর মারুফ আহমেদ মনসুর, ৪৩ নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ আরিফ হোসেন, ৫০ নং ওয়ার্ডের কাউন্সিলর মাসুম মোল্লা, ৩৫ নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ আবু সাঈদ, ৪৪ নং ওয়ার্ডের কাউন্সিলর মিজানুর রহমান (ইমন), ৫৪ নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ মাসুদ, ৬৫ নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ সামসুদ্দিন ভূঁইয়া ও ৬৯ নং ওয়ার্ডের কাউন্সিলর সালাহউদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন।

ধন্যবাদসহ

মোঃ আবু নাছের

*Naher*

জনসংযোগ কর্মকর্তা, ডিএসসিসি

ই- মেইল: [pro@dsc.gov.bd](mailto:pro@dsc.gov.bd)/[janashangjoge.dsc@gmail.com](mailto:janashangjoge.dsc@gmail.com)

টেলিফোন: +৮৮০২৯৫৬৩৪৪৭

মোবাইল- ০১৯১৪০২১১৬৪